সাবালক হওয়ার প্রথম পর্যায়ে সিয়াম ভঙ্গ করত, বৃদ্ধ বয়সে এখন কি তা কাজা করবে?

﴿كانت تفطر في رمضان أول بلوغها، فهل تقضيها الآن بعد ما كبرت؟﴾

[বাংলা – bengali – بنغالي]

ইসলাম কিউ, এ

অনুবাদ : সানাউল্লাহ নজির আহমদ

সম্পাদনা : ইকবাল হোছাইন মাছুম

2010 - 1431

IslamHouse

﴿كانت تفطر في رمضان أول بلوغها، فهل تقضيها الآن بعد ما كبرت؟﴾

« باللغة البنغالية »

الإسلام سؤال وجواب

ترجمة : ثناء الله نذير أحمد

مراجعة : إقبال حسين معصوم

2010 - 1431

IslamHouse

সাবালক হওয়ার প্রথম পর্যায়ে সিয়াম ভঙ্গ করত, বৃদ্ধ বয়সে এখন কি তা কাজা করবে ?

প্রশ্ন : আমার মাতার বয়স ৫৫ বছর। কিন্তু অজ্ঞতার কারণে কোন ওযর ছাড়াই কখনো কখনো তিনি সিয়াম ভঙ্গ করতেন। এখন তিনি সোমবার ও বৃহস্পতিবার রোজা রাখেন। তিনি কি নফলের নিয়ত করবেন না কাজার নিয়ত করবেন ?

উত্তর :

আল-হামদুলিলাহ

তার জন্য জরুরী প্রবল ধারণার ভিত্তিতে কাজার দিনগুলো গণনা করা এবং কাজার নিয়তে তার সিয়াম পালন করা। যেন দৃঢ় বিশ্বাস হয় যে, তার সকল সিয়ামের কাজা আদায় হয়ে গেছে। এ সত্বেও সম্ভব হলে প্রতি সিয়ামের পরিবর্তে খাদ্য দান করা। এটাই অধিক উত্তম।

এখন যেহেতু সে সোমবার ও বৃহস্পতিবার সিয়াম পালন করে, তার মধ্যেই সে কাজার নিয়ত করবে, যেন তার কাজা পূর্ণ হয়ে যায়।

শায়খ ফাওযানকে জিজ্ঞাসা করা হয়েছিল : কোন মেয়ে যদি রমজান প্রবেশের পূর্বে সাবালক হয়, আর অজ্ঞতার কারণে তাতে সিয়াম পালন না করে, তার কি করা উচিত ? কোন কারণ ছাড়া ইফতার করার বিধানই কি এর বিধান ?

তিনি উত্তরে বলেন : "তার জন্য জরুরী আলাহর কাছে তাওবা করা এবং দিনগুনে তার কাজা করা। আর যদি কাজার আগেই পরবর্তী রমজান চলে আসে, তাহলে প্রত্যেক দিনের পরিবর্তে একজন মিসকিনকে খাদ্য দান করা।" আলাহই ভাল জানেন।

সূত্র :

"المنتقى من فتاوى الفوزان" (١١/٨٢) .